

### **ভবিষ্যৎ পরিকল্পনা:**

২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যে খাদ্যের গুণগত মান বজায় রাখার জন্য আধুনিক প্রযুক্তির খাদ্য সংরক্ষণাগার নির্মাণ করা। প্রশিক্ষণ ও অবকাঠামো উন্নয়নের মাধ্যমে খাদ্য ব্যবস্থাপনার সক্ষমতা অব্যাহতভাবে বৃদ্ধিকরণ। খাদ্যশস্য সংগ্রহ, মজুদ ও বিতরণ ব্যবস্থাপনায় ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করা। সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে পুষ্টি ও জলবায়ু পরিবর্তনের অভিযোজন অন্তর্ভুক্ত করে নিম্ন আয়ের জনগণ বিশেষ করে ১৬তম হতে ২০তম গ্রেডের কর্মচারী, গ্রামীণ দুঃস্থ নারী, স্বল্প আয়ের বৃহৎশিল্প শ্রমিক ও গ্রামীণ জনগণের জন্য নিয়মিত কর্মসূচিতে স্বল্পমূল্যে খাদ্যশস্য বিতরণ ব্যবস্থা সময়োপযোগী করা, খাদ্যবান্ধব কর্মসূচির পরিধি সম্প্রসারণ করা সরকারি পর্যায়ে খাদ্যশস্য সংগ্রহ, বিতরণ কার্যক্রম ও অফিস ব্যবস্থাপনা ডিজিটাল সিস্টেম প্রবর্তন।